অর্থঋণ আদালত, ময়মনসিংহ

অর্থঋণ আদালত আইন ২০০৩ এ ৩৩ (১) ধারামতে

নিলাম বিজ্ঞপ্তি

অর্থঋণ জারী মামলা নং ৪৯/২০২৫ ইং

সোনালী ব্যাংক পিএলসি, ইহার অন্যতম শাখা ঈশ্বরগঞ্জ শাখা, থানা ও উপজেলা- ঈশ্বরগঞ্জ, জেলা- ময়মনসিংহে অবস্থিত, যাহা সোনালী ব্যাংক পিএলসি, ঈশ্বরগঞ্জ শাখা নামে পরিচিত।

.... ডিক্রীদার।

বনাম

১। মেসার্স জুয়েল ষ্টোর, প্রোঃ- মোঃ জুয়েল মিয়া, ঠিকানা- চর হোসেনপুর, জয়বাংলা মোড়, থানা ও উপজেলা- ঈশ্বরগঞ্জ, জেলা- ময়মনসিংহ। ২। মোঃ জুয়েল মিয়া, পিতা- মোঃ আকবর আলী, ৩। আব্দুল হালিম, পিতা- মরহুম আব্দুল হাকিম, সাকিন- চরশিহারী, থানা ও উপজেলা- ঈশ্বরগঞ্জ, জেলা- ময়মনসিংহ ।

.... দায়িকগন।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডিক্রীদার সোনালী ব্যাংক পিএলসি, ঈশ্বরগঞ্জ শাখা, থানা- ঈশ্বরগঞ্জ, জেলা- ময়মনসিংহ দায়িকের নিকট হইতে বিগত ১০-০৮-২০২৫ খ্রীঃ তারিখ পর্যন্ত সূদাসলে ২৮,৪৩,৪৮৫.৮৮/- (আটাশ লক্ষ তেতাল্লিশ হাজার চারশত পঁচাশি টাকা আটাশি পয়সা) টাকা আদায়ের লক্ষ্যে নিম্ন বর্ণিত তফসিল সম্পত্তি অর্থঋণ আদালত ময়মনসিংহ সম্মুখে রক্ষিত নিলামের টেন্ডার বক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২/১১/২৫ ইং তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে এবং ঐদিন বেলা ২.৩০ ঘটিকার সময় (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হইবে।

নিলামের শর্তাবলী

১। প্রত্যেক দরপত্র দাতাকে নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীলমোহর কৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে।

২। দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে অর্থঋণ আদালত, ময়মনসিংহ-এ রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ওই দিনই অপরাহ্ন ২.৩০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩। প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার মাধ্যমে অর্থঋণ আদালত, ময়মনসিংহ এর অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪। অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/০০ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অর্থঋণ আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

ক্রমশ/২

মোহাম্মদ দিলোয়ার হোসেন
সিনিয়র প্রিন্সিপাল অফিসার (এসপিও)
ম্যানেজার
এ-৫৫১৮

৫। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে আদালত দরপ্রস্তাব বাতিল করিতে পারিবে।

৬। উপরে বর্ণিত (৩) ও (৪)-এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৭। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার অর্থঋণ আদালত সংরক্ষণ করেন।

৯। আদালত কর্তৃক গৃহীত দরপত্রদাতাকে তফসিল বর্ণিত সম্পত্তির দখল যথাসময় বুঝাইয়া দেওয়া হইবে। উক্ত ক্ষেত্রে আইনগত সকল বিধিবিধান প্রযোজ্য হইবে।

<u>তফসিল</u>

জেলা- ময়মনসিংহ, থানা ও উপজেলা- ঈশ্বরগঞ্জ, মৌজা- চর শিহারী, জে.এল.নং- ১৮৬, খারিজ খতিয়ান নং ৪৬৬, ৪৯৪।

খতিয়ান			দাগ		শ্রেণী	পরিমান
সি.এস	আর.ও.আর	বি.আর.এস	সি.এস/আর.ও.আর	বি.আর.এস		
২৭৬	২৫৪	৭০	১৪০	৩২০	কান্দা	০৫ শতাংশ
৫৩	০৯	১৩৮	৩৯৪	৮৮৩	কান্দা	৮৭ শতাংশ
					মোয়াজী	৯২ শতাংশ
				বিরানব্বই শতাংশ ভূমি ও তদস্থিত নির্মাণাদী।		

আদেশক্রমে

সেরেস্তাদার

অর্থঋণ আদালত, ময়মনসিংহ।

আদেশ নং ০৮ তারিখঃ [illegible]

১) দৈনিক [illegible]

২) দৈনিক [illegible]

বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য আদেশ প্রদান করা হয়েছে।

মোহাম্মদ দিলোয়ার হোসেন
সিনিয়র প্রিন্সিপাল অফিসার (এসপিও)
ম্যানেজার
এ-৫৫১৮